মুজিব শতবর্ষ
কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১৫.০০৫.২০.৫৩৬৭

তারিখঃ ০৪-০৪-২০২২ খ্রি.
২১-১২-১৪২৮ বং

## অফিস আদেশ

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর ''মসলা গবেষণা কেন্দ্র স্থাপন'' শীর্ষক সমাপ্ত প্রকল্পের জনবল রাজস্বখাতে স্থানান্তর সংক্রান্ত রীট পিটিশন নং- ৪৩৪৫/২০১৫ এর ০১-০২-২০১৮ তারিখের প্রদত্ত মহামান্য হাইকোর্টের রায় মোতাবেক রীটকারীগণকে রাজস্বখাতের পদে আত্মীকরণের নির্দেশ প্রদান করা হয়। উল্লেখ্য যে, পিটিশনারদের রাজস্বখাতে আত্মীকরণের বিষয়ে 17 BLC (AD) 91 এর আলোকে কতিপয় শর্তসাপেক্ষে আবেদনকারীদের চাকরি রাজস্বখাতে সরাসরি নিয়মিতকরণ/ আত্মীকরণের জন্য মহামান্য হাইকোর্ট কর্তৃক রায়/আদেশ দেন। উক্ত রীট পিটিশন নং- ৪৩৪৫/২০১৫ এর বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিপিএলএ নং-৩০১৭/২০১৮ দায়ের করা হলে মহামান্য আপীল আদালত শুনানী শেষে গত ০২-১২-২০১৮ তারিখ কয়েকটি শর্ত আরোপ করে আপীলটি ডিসমিস করেন। তৎপ্রেক্ষিতে সিপিএলএ রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিআরপি নং- ২৯/২০১৯ মামলা দায়ের করলে শুনানীঅন্তে মহামান্য আদালত ২০-০২-২০২০ তারিখ সিআরপি মামলাটি ডিসমিস করে রীটকারীগণকে রাজস্বখাতে আত্মীকরণের আদেশ প্রদান করেন।

মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ৪৩৪৫/২০১৫ ও মহামান্য আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং- ৩০১৭/২০১৮ এবং সিভিল রিভিউ পিটিশন নং- ২৯/২০১৯ এর রায় সার্বিক বিবেচনায় রীটকারীদের নামের পাশে বর্ণিত পদ, কর্মস্থল, মূল বেতন ও বেতনক্রম এবং বর্ণিত শর্তাধীনে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের চাকরিতে রাজস্বখাতে আত্মীকরণ (Absorb) করা হলো।

| ক্রমিক | নাম, স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ | পদবী | মূল বেতন ও বেতনক্রম/২০১৫ | নিজ জেলা | পদায়নকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | মোঃ হাফিজার রহমান<br>পিতা- মৃত মোসলেম উদ্দিন<br>মাতা- মোছাঃ হামিদা<br>গ্রাম- নারুলী (মধ্যপাড়া)<br>পোঃ- বগুড়া সদর, থানা- বগুড়া সদর<br>জেলা- বগুড়া।<br>জন্মতারিখ: ০১-০২-১৯৭৬ | গাড়ীচালক | ৯৩০০/-<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | বগুড়া | মসলা গবেষণা কেন্দ্র<br>বারি, শিবগঞ্জ, বগুড়া | |
| ২। | মোঃ আমজাদ হোসেন<br>পিতা- মরহুম ওসমান আলী<br>মাতা- মোছাঃ অলিমন নেছা<br>গ্রাম- সামান্তপুর, পোঃ- জয়দেবপুর<br>থানা- গাজীপুর সদর, জেলা- গাজীপুর।<br>জন্মতারিখ: ১২-০৩-১৯৭৭ | ট্রাক্টর ড্রাইভার | ৯৩০০/-<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | গাজীপুর | আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র<br>বারি, গাজীপুর | |
| ৩। | মোঃ ফজলুল হক<br>পিতা- মরহুম আশ্রাব আলী<br>মাতা- মৃত ফালানী বিবি<br>গ্রাম- ছোট দেওড়া, পোঃ- জয়দেবপুর<br>জেলা- গাজীপুর।<br>জন্মতারিখ: ০১-০১-১৯৬৫ | অফিস সহায়ক | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | গাজীপুর | লাইব্রেরি শাখা<br>বারি, গাজীপুর | |
| ৪। | মোঃ চাঁন প্রাং<br>(মোঃ চাঁন মিয়া প্রামানিক)<br>পিতা- মৃত ছলিম উদ্দিন প্রাং<br>মাতা- মৃত ফইমন বেগম<br>গ্রাম-ওলাহালী, পোঃ- সাবরুল,<br>থানা- কাহালু, জেলা- বগুড়া।<br>জন্মতারিখ: ০২-০৮-১৯৬৭ | অফিস সহায়ক | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | বগুড়া | মসলা গবেষণা কেন্দ্র<br>বারি, শিবগঞ্জ, বগুড়া | |
| ৫। | মোঃ ইয়াকুব আলী<br>পিতা- মৃত মোঃ আলমাছ আলী<br>মাতা- মৃত পন্ডিত বেগম<br>গ্রাম- বাখরনগর, পোঃ- আলোকবালী<br>জেলা- নরসিংদী।<br>জন্মতারিখ: ০১-০১-১৯৭১ | অফিস সহায়ক | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | নরসিংদী | আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র<br>বারি, গাজীপুর | |

| ক্রমিক | নাম, স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ | পদবী | মূল বেতন ও বেতনক্রম/২০১৫ | নিজ জেলা | পদায়নকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৬। | মোঃ সেলিম হোসেন<br>পিতা- মোঃ হাবিবুর রহমান<br>মাতা- মোছাঃ বানেছা খাতুন<br>গ্রাম-হরিদাস পাড়া, পোঃ-পুরুন কাশিমপুর<br>থানা- মতলব, জেলা- চাঁদপুর।<br>জন্মতারিখ: ০৬-০৭-১৯৭৮ | অফিস সহায়ক | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | চাঁদপুর | সরেজমিন গবেষণা বিভাগ<br>বারি, কুমিল্লা | |
| ৭। | মোঃ আব্দুল মতিন খাঁন<br>পিতা- মোঃ হাবিবুর রহমান খাঁন<br>মাতা- আমেনা খাতুন<br>গ্রাম- কুর্শা, পোঃ- নকলা, থানা- শেরপুর<br>জেলা- শেরপুর।<br>জন্মতারিখ: ০১-০১-১৯৮০ | অফিস সহায়ক | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | শেরপুর | সরেজমিন গবেষণা বিভাগ<br>বারি, কিশোরগঞ্জ | |
| ৮। | মোঃ আবুল কাশেম<br>পিতা- হবিবর রহমান মন্ডল<br>মাতা- মোছাঃ রেজিয়া বেগম<br>গ্রাম- রায়নগর, পোঃ- শিবগঞ্জ<br>থানা- শিবগঞ্জ, জেলা- বগুড়া।<br>জন্মতারিখ: ১৪-০৮-১৯৭৭ | নিরাপত্তা প্রহরী | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | বগুড়া | মসলা গবেষণা কেন্দ্র<br>বারি, শিবগঞ্জ, বগুড়া | |

**শর্তাবলীঃ**

১। যোগদানের তারিখ হতে আত্মীকরণ কার্যকর করা হবে এবং প্রচলিত বিধি মোতাবেক যাবতীয় সুযোগ সুবিধা প্রাপ্য হবে।

২। চাকরিতে যোগদানের সময় ডোপটেস্টসহ জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৩। যোগদানের পর পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তার আত্মীকরণ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৪। অত্র দপ্তরে সংরক্ষিত শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ ও অন্যান্য তথ্যের সাথে অসঙ্গতি পাওয়া গেলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তার আত্মীকরণ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৫। মহামান্য আদালতের আদেশের নির্দেশনা মোতাবেক ইহা ইনস্টিটিউটে একটি বিশেষ নিয়োগ হিসেবে গণ্য হবে এবং পরবর্তীতে অন্য কেউ এ আদেশের অনুবৃত্তিক্রমে বর্ণিত পদে কিংবা অন্য কোন পদে নিয়োগ দাবী করতে পারবেন না।

৬। সিপিএলএ মামলা নং-৩০১৭/২০১৮ অনুযায়ী মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগের ০২-১২-২০১৮ তারিখের রায়ে উদ্ধৃত "Continuity of Service and other benefits are expunged" অর্থাৎ আপনাদেরকে চাকরিতে যোগদানের পূর্বে চাকরির কোন ধারাবাহিকতা এবং অন্যান্য (আর্থিকসহ) সুবিধা প্রদান করা হবে না।

৭। আত্মীকরণকৃত কর্মচারীগণকে নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য জ্যেষ্ঠতা নীতিমালা অনুসরণ করে প্রার্থীদের জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।

৮। প্রাথমিক অবস্থায় তারা ২ (দুই) বছর শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। তবে প্রয়োজন হলে এই সময় অনধিক ৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করা যাবে। সন্তোষজনকভাবে শিক্ষানবীশকাল উত্তীর্ণের পর তাদেরকে চাকরিতে স্থায়ী করা যেতে পারে।

৯। শিক্ষানবীশ থাকাকালে তারা ১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদান করে চাকরি হতে ইস্তফা দিতে পারবেন। নোটিশ প্রদানে ব্যর্থতায় তারা ইনস্টিটিউটকে ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতি পূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন।

১০। শিক্ষানবীশ হিসাবে চাকরিকালে কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করে তার চাকরির অবসান ঘটাতে পারবে এবং এরূপ চাকরি অবসানের কারণে তারা কোন প্রকার ক্ষতি পূরণ পাবেন না।

১১। চাকরিতে স্থায়ী হওয়ার পর তারা তাদের অভিপ্রায় উল্লেখ পূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতায় তারা ইনস্টিটিউটকে তাদের তিন মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন। তবে আনুষ্ঠানিকভাবে ইস্তফাপত্র গৃহীত না হওয়া পর্যন্ত তারা তাদের চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না।

১২। অন্যান্য বিষয়ে তাদের চাকরি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১, বাংলাদেশ কৃষি গবেষণা ইনটিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত অন্যান্য বিধিমালা অনুযায়ী পরিচালিত হবে। এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরুপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যৎ প্রণীতব্য বিধি বিধান দ্বারা চাকরি নিয়ন্ত্রিত হবে।

(ক) উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে তারা ২ কপি সদ্য তোলা (৬ মাসের পূর্বের নয়) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয় পত্র, নাগরিকত্ব সনদপত্র, প্রকল্পে চাকরির নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের মূলকপি, ডোপটেস্ট প্রত্যয়নপত্র, জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার প্রত্যয়নপত্রসহ উপস্থিত হয়ে তাদের নামের পাশে বর্ণিত কর্মস্থলের ভারপ্রাপ্ত কর্মকর্তা এর নিকট আদেশ জারির তারিখ হতে ১৩-০৪-২০২২ তারিখের মধ্যে (সংযোজিত ফরমে) কাজে যোগদান

করবেন। বর্ণিত সকল কাগজপত্রের সত্যায়িত ০২ কপি যোগদানের সময় জমা দিতে হবে। উক্ত সময়ের মধ্যে কাজে যোগদানে ব্যর্থ হলে তার আদেশ বাতিল বলে গণ্য হবে।

(খ) সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা আত্মীকরণকৃত কর্মচারীদের যোগদানপত্র গ্রহণপূর্বক তার সকল কাগজপত্রের এক প্রস্থ (এক কপি ছবি) এবং পুলিশ ভেরিফিকেশন ফরম (পূরণকৃত দুই কপি), ডোপটেস্ট প্রত্যয়নপত্র, জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার প্রত্যয়নপত্র, দুই প্রস্থ জীবন বৃত্তান্ত, যৌথবীমা ও কল্যাণ তহবিল, সাধারণ ভবিষ্য তহবিল এবং অবসরভাতা সুবিধাদি গ্রহণের মনোনয়নপত্রের ফরম এবং আদেশের সাথে সংযোজিত যৌতুক সম্পর্কিত ঘোষণাপত্র প্রার্থী কর্তৃক পূরণ করে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে কেউ কাজে যোগদান না করলে তাও সত্বর অবহিত করতে হবে।

স্বাক্ষরিত/-
(ড. দেবাশীষ সরকার)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১৫.০০৫.২০.৫৩৬৭

তারিখঃ ০৪-০৪-২০২২ খ্রি.
২১-১২-১৪২৮ বং

**বিতরণঃ**

১। পরিচালক (সেবা ও সরবরাহ/গবেষণা/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন), বারি, গাজীপুর
২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ/আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর
৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর- (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মসলা গবেষণা কেন্দ্র, বারি, শিবগঞ্জ, বগুড়া
৫। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
৬। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, কুমিল্লা/কিশোরগঞ্জ
৭। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, মাগুরা
৮। সিনিয়র লাইব্রেরিয়ান, লাইব্রেরি শাখা, বারি, গাজীপুর
৯। প্রটোকল অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বারি, গাজীপুর
১০। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, বেনিফিট সেল, বারি, গাজীপুর
১২। জনাব ..........................................................................................................................
১৩। কম্পিউটার সেল/এসিআর সেল প্রশাসন শাখা, বারি, গাজীপুর
১৪। সংশ্লিষ্ট নথি
১৫। ব্যক্তিগত নথি।

০৪/০৪/২২
(মোঃ মাহমুদুল হাসান)
সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন)(চ. দা.)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ৪৯২৭০০১০/৫৪৯২